

# যোগ বিয়োগ

এক

উৎসব ধুয়ে যাওয়ার পর শূন্যস্থান আসে  
উদাম বিসর্জনের পর  
হামাগুড়ি দিয়ে নৈশব্দ্য  
শুভেচ্ছাবার্তার অক্ষরে  
আঙুল ছাপ বিষাদের  
চুনরিতে দাগ  
থেকে যায় অস্থির সময়  
খড়মাটি ডাকসাজ ধুয়ে গেলে কষ্টেসৃষ্টে কাটে আগামী বছর  
ভিজে কাঠামোয় লেপটে রঙের বাতাস

## শূন্য কিন্তু শূন্য নয়

শূন্য মাঠটি আসলে শূন্য নয়  
আকাশ থেকে এখানে বিদেশী পাখিরা আসে—পোকা  
খুঁটে খায়  
এখানে যুবক যুবতী বসে চাঁদ দেখে—মাখামাখি করে  
আসা যাওয়া ভালবাসা কত কিছু মাঠ নেয়  
শূন্যের বদনামও  
শূন্যের ভিতর পুর্ণের পরিমাণ  
মাঠে মাঠে উপচে পড়েছে

দেবাশিষ মুখোপাধ্যায়